**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20.02.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling & NR: S.Chakrabarty**
**DEO : K.B.**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ বিধানসভায় আজ রাজ্য বাজেটের উপর আলোচনায় জবাবি ভাষণ দেবেন অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী। চন্দ্রিমা ভট্টাচার্য।

২/ মহাকুম্ভ সম্পর্কে বিধানসভায় মুখ্যমন্ত্রীর বক্তব্যের বিরুদ্ধে বিজেপি গতকাল কলকাতা সহ বিভিন্ন জেলায় বিক্ষোভ দেখায়।

# বিরোধী দলনেতা সহ বিধায়কদের সাসপেশন প্রত্যাহারের জন্য বিজেপি, রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে ।

৩/ সিগন্যাল এবং অন্যান্য প্রযুক্তিগত কাজের জন্য মেট্রোর হাওড়া ময়দান ও সেক্টর ফাইভ করিডরে দ্বিতীয় দফায় আজ থেকে রবিবার পর্যন্ত সম্পূর্ণ ট্রাফিক ব্লক থাকবে।

৪/ কলকাতার ট্যাংরা থানা এলাকায় একই পরিবারের তিনজনের মৃত্যুর ঘটনায় খুনের মামলা রুজু করেছে কলকাতা পুলিশ। ওই পরিবারের'ই অন্য তিনজনের পথ দুর্ঘটনায় আহত হওয়া নিয়েও রহস্য ঘনীভূত হয়েছে।

৫/ ISL ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং জামশেদপুর এফ সি-র মুখোমুখি হবে।

৬/ বজ্রগর্ভ মেঘের সঞ্চার হওয়ায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

**********************************************************************

বিধানসভায় আজ রাজ্য বাজেটের উপর আলোচনায় জবাবি ভাষণ দেবেন অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

বাজেটের ওপর গতকাল থেকে আলোচনা শুরু হয়েছে বিধানসভায়। এবারের বাজেটকে জনমুখী বলে অভিহিত করেছেন তৃণমূল কংগ্রেসের বিধায়করা। বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে তৃণমূল কংগ্রেসের বিধায়ক দেবব্রত মজুমদার বলেন, রাজ্য বাজেট গরীব মানুষের স্বার্থ রক্ষা করবে। কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করে তিনি অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার দেশের মাত্র এক শতাংশ মানুষের কথা মাথায় রেখে বাজেট পেশ করেছে।

অন্যদিকে রাজ্য বাজেটের সমালোচনা করেছে বিজেপি। বাজেট আলোচনায় অংশ নিয়ে বিজেপি বিধায়ক তথা অর্থনীতিবিদ অশোক লাহিড়ী মন্তব্য করেন, রাজ্য বাজেট বিভ্রান্তির মায়াজাল সৃষ্টি করছে। মূলধনী ব্যয়, পরিকাঠামো খাতে ব্যয় অন্যান্য রাজ্যের তুলনায় বাংলায় খুবই কম। দেউচা পাঁচামি, তাজপুরের গভীর সমুদ্র বন্দর সহ সরকারের প্রস্তাবিত বিভিন্ন প্রকল্প নিয়ে সংশয় প্রকাশ করেন তিনি।

*********************

মহাকুম্ভ সম্পর্কে বিধানসভায় মুখ্যমন্ত্রীর বক্তব্যের বিরুদ্ধে বিজেপি গতকাল বিভিন্ন জেলায় বিক্ষোভ দেখায়।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের বাঁকুড়া মোড়ে বিশ্ব সনাতনী সেনার ডাকে পথ অবরোধের জেরে রাজ্য সড়ক আটকে যায়। ঘটনাস্থলে পৌঁছয় কোকওভেন থানার পুলিশ। বিজেপির বর্ধমান সাংগঠনিক জেলা সহ সভাপতি চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় বলেন, হিন্দুদের ভাবাবেগে আঘাত করেছেন মুখ্যমন্ত্রী। তাঁকে ক্ষমা চাইতে হবে।

অন্যদিকে, শিলিগুড়িতে বঙ্গীয় হিন্দু মহামঞ্চ মুখ্যমন্ত্রীর মন্তব্যের বিরুদ্ধে অবস্থান-বিক্ষোভ করে।

আগেই জানানো হয়েছে, বিজেপির উত্তর কলকাতার সংগঠনের উদ্যোগে গতকাল বিক্ষোভে নেতৃত্ব দেন দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার। তিনি বলেন, সংখ্যালঘু তোষণ এবং ভোটে সুবিধা পেতে মুখ্যমন্ত্রী মকাকুম্ভ সম্পর্কে

অবমাননাকর মন্তব্য করেছেন। বিধানসভার রেকর্ড থেকে তিনি ওই মন্তব্য বাদ দেওয়ার আর্জি জানিয়েছেন এবং বিষয়টি নিয়ে চিঠিও দিয়েছেন। এছাড়াও, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপির বিধায়কদের সাসপেশন প্রত্যাহারের জন্য দল রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে বলে'ও তিনি জানান।

*******************

কেন্দ্রীয় সরকার খাদ্যশস্যে ভর্তুকি বাবদ রাজ্যের প্রাপ্য বকেয়ার একাংশ মিটিয়ে দিয়েছে। খাদ্য দফতর সূত্রে জানা গেছে, ২০২৩-২৪ আর্থিক বছর থেকে এই খাতে কেন্দ্রীয় বরাদ্দ বন্ধ রয়েছে। এই বাবদ বকেয়া মোট ১২ হাজার ৭১৪ কোটি টাকা দাবি করে রাজ্য সরকার একাধিক বার কেন্দ্রের কাছে দরবার করেছে। অবশেষে কেন্দ্রের তরফে দু'দফায় এই খাতে প্রায় সাড়ে সাত হাজার কোটি টাকা ছাড়া হয়েছে। জানা গিয়েছে, চলতি মাসের প্রথম সপ্তাহে ২১৩০ কোটি টাকা, এবং জানুয়ারি মাসের শেষ সপ্তাহে ৫২৭০ কোটি টাকা রাজ্যকে দেওয়া হয়েছে।

*******************

রাজ্যে উৎপাদিত ফলমূল, আনাজের খাদ্যগুণ সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে বাংলা ভাষায় একটি বই প্রকাশ করছে রাজ্য সরকার। কৃষিজীবিদের নানা ধরণের কৃষিপণ্য উৎপাদনে উৎসাহিত করাই এর উদ্দেশ্য। খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের মন্ত্রী অরূপ রায় এবিষয়ে গতকাল এক সাংবাদিক বৈঠকে জানান, সরকার প্যাকেজিং, খাদ্য নিরাপত্তার মতো বিষয়গুলিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করছে। কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আজ 'নবম হর্টি ফুড ফেস্টিভাল'- শীর্ষক এক প্রদর্শনীর সূচনা হচ্ছে। এতে উত্তরবঙ্গে উৎপাদিত অর্কিডের প্রদর্শনীও হবে। এটি চলবে ২২'শে ফেব্রুয়ারী পর্যন্ত।

*******************

চলতি বছরে উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি নিয়ে গতকাল পশ্চিম মেদিনীপুরের জেলাশাসক খুরশিদ আলি কাদেরি এক বৈঠক করেন। উপস্থিত ছিলেন বিভিন্ন প্রশাসনিক আধিকারিক ও পুলিশ প্রশাসন, স্বাস্থ্য, পরিবহণ ও বন দপ্তরের

আধিকারিকরা। জেলায় এবছর মোট ৭২ টি কেন্দ্রে পরীক্ষা হবে। প্রতিটি কেন্দ্রে CCTV, মোবাইল রাখার ক্লোক রুমের ব্যবস্থা থাকছে।

********************

সিগন্যাল এবং অন্যান্য প্রযুক্তিগত কাজের জন্য মেট্রোর হাওড়া ময়দান ও সেক্টর ফাইভ করিডরে দ্বিতীয় দফায় রবিবার পর্যন্ত সম্পূর্ণ ট্রাফিক ব্লক থাকবে।
এই কারণে আজ থেকে চারদিন হাওড়া ময়দান- এসপ্ল্যানেড এবং শিয়ালদা ও সেক্টর ফাইভের মধ্যে কোনো ট্রেন চলাচল করবে না।
যদিও ব্লু, অরেঞ্জ, পার্পেল লাইনে মেট্রো পরিষেবা নির্দিষ্ট সময় সূচি অনুযায়ী চলবে।

********************

বাংলাদেশে অশান্ত পরিস্থিতিতে উত্তর দিনাজপুরের রাধিকাপুর সীমান্ত দিয়ে পণ্যবাহী ট্রেন চলাচল ফের শুরু হয়েছে। প্রায় ৯'মাস বাংলাদেশ দিয়ে পণ্যবাহী ট্রেন চলাচল বন্ধ ছিল। গতকাল দুপুরে ভারতের পণ্যবাহী ট্রেন রাধিকাপুর স্টেশনে এসে পৌঁছয়। ট্রেনের নিরাপত্তাজনিত বিষয়গুলি খতিয়ে দেখার পর BSF-এর ছাড়পত্র নিয়ে ৪৬ বগির ট্রেনটি বাংলাদেশে প্রবেশ করে।

********************

কলকাতার ট্যাংরা থানা এলাকায় একই পরিবারের তিনজনের মৃত্যুর ঘটনায় খুনের মামলা রুজু করেছে কলকাতা পুলিশ। দুই বধূর বাপের বাড়ির তরফে অভিযোগের ভিত্তিতে ট্যাংরা থানার পুলিশ ওই মামলা দায়ের করে। ওই পরিবারের'ই অন্য তিনজনের পথ দুর্ঘটনায় আহত হওয়া নিয়েও রহস্য ঘনীভূত হয়েছে।

গতকাল সকালে অভিষিক্তা মোড়ের কাছে একটি গাড়ি দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ সেখান থেকে প্রণয় ও প্রসূন দে নামে দুই ভাই এবং এক নাবালককে উদ্ধার করে। এদের চামড়ার ব্যবসা ছিলো। তাঁদের কাছ থেকে জানা যায়, ট্যাংরার বাড়িতে আরো তিনজন মৃত অবস্থায় পড়ে রয়েছে। এরপরই পুলিশের বিশাল বাহিনী ওই বাড়িতে গিয়ে রোমি ও সুদেষ্ণা দে দুই গৃহবধূ এবং এক নাবালিকার দেহের সন্ধান মেলে। ফরেন্সিক টিম এবং পুলিশ কুকুর এনে তদন্ত শুরু হয়েছে। বাড়ির কিছু জায়গায় রক্তের দাগ

মিলেছে। প্রত্যেকেই খাবারের সঙ্গে ঘুমের ওষুধ মিশিয়ে খান বলে পুলিশের অনুমান। দুই গৃহবধূর হাতের শিরা কাটা ছিল। নাবালিকার শ্বাসরোধ হয়ে মৃত্যু হয়েছে।

প্রাথমিক তদন্তে জানা গেছে, কয়েকদিন ধরেই ব্যবসা ভাল চলছিল না। আর্থিক সঙ্কটের কারণেই এই ঘটনা বলে মনে করা হচ্ছে।

********************

মধ্য হাওড়ার শিবপুর থানা এলাকায় গতকাল রাত বারোটা নাগাদ জয়ন্ত পাল নামে এক পুলিশ অফিসার গুলিবিদ্ধ হন। তিনি হুগলীর চন্ডীতলা থানার আই সি ।
আহত জয়ন্ত বাবুকে পুলিশ স্থানীয় হাসপাতালে ভর্তি করে।

গাড়ীতে করে যাওয়ার সময়েই তাঁর গুলি লাগে। ঐ গাড়ীতে থাকা এক মহিলাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

********************

এসটিএফের তথ্য ভিত্তিতে মালদার বৈষ্ণবনগর থানার পুলিশ অভিযান চালিয়ে রাহেল রানা নামে এক যুবককে গ্রেপ্তার করেছে। তার কাছ থেকে পাঁচটি পিস্তল উদ্ধার হয়েছে। ঝাড়খন্ডে অস্ত্র পাচারের সাথে যুক্ত থাকার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

মালদার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানান, ২০২৪ সালে আগ্নেয়াস্ত্র কারবারে মোট ৩৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। মামলা হয়েছে ১৪টি । ২৫টি অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র এবং ৩২টি তাজা কার্তুজ উদ্ধার হয়েছে। সবচেয়ে বেশী ইংরেজবাজার থানার পুলিশ আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে। বেশীর ভাগ আগ্নেয়াস্ত্র সেভেন এমএম এবং ওয়ান শটার। প্রতিটি মামলাতে ধৃতদের জেরা করা হচ্ছে।

********************

চোরাপথে ভারত থেকে বাংলাদেশে যাওয়ার উত্তর ২৪ পরগনার গাইঘাটায় দুই বাংলাদেশীকে পাকড়াও করেছে বিএসএফ। ধৃত বিলাল সেখ ও সোহেল রানা বাংলাদেশের যশোর জেলার বাসিন্দা বলে জানা গেছে। চোরা পথে তাঁরা ভারতে প্রবেশ করে। ধরপাকড় শুরু হওয়ায় ফের বাংলাদেশে পালানোর সময় আংরাইল এলাকায়

সীমান্ত রক্ষী বাহিনীর হাতে তাঁরা ধরা পড়ে। পরে পুলিশের হাতে তুলে দেওয়া হয় ঐ দু'জনকে।

*********************

উত্তর ২৪ পরগনার হাবরা স্টেশন এলাকা থেকে সন্দেহভাজন এক ব্যক্তির কাছ থেকে বাংলাদেশী পাসপোর্ট এবং ভারতীয় আধার, ভোটার এবং প্যান কার্ড উদ্ধার হয়েছে। ধীরেন হালদার নামে বছর ৬৭-র ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সকালে তার গতিবিধি দেখে সন্দেহ হওয়ায় আটক করে তল্লাশী চালাতেই বিভিন্ন পরিচয়পত্র উদ্ধার হয়। আধার কার্ড প্যান কার্ড সহ পাসপোর্টে আলাদা আলাদা ঠিকানা রয়েছে। বাংলাদেশের যশোরের ঠিকানা রয়েছে পাসপোর্টে।

*********************

বঙ্গোপসাগর থেকে বায়ুমণ্ডলের নীচের স্তরে বেশি মাত্রায় জলীয় বাস্প প্রবেশ করায় বজ্রগর্ভ মেঘ সঞ্চারের ফলে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। বৃষ্টি হতে পারে উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতেও। বসন্তের শুরুতে এই বৃষ্টির জন্য রবি শস্য এবং আনাজের ক্ষতির আশঙ্কা করছেন কৃষকরা। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় চার ডিগ্রি বেশি।

*********************

আচমকা প্রবল ঝড়ে গতকাল উত্তর ২৪ পরগনার গাইঘাটার রামনগর গ্রাম পঞ্চায়েতের বেশ কিছু এলাকা ক্ষতিগ্রস্থ হয়েছে। প্রায় ৩৫ টি কাঁচা বাড়ি সম্পূর্ণ ভেঙে পড়েছে, উপ্‌ড়ে গেছে বিদ্যুতের খুঁটি ও গাছ। চাষের'ও ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। পিপলি, ঝাউডাঙা, শশা ডাঙা, তেঁতুলবেরিয়ার ওপর দিয়ে এই ঝড় বয়ে যায়। দু-তিন মিনিটের ঝড়ের তান্ডবের পরই শুরু হয় প্রবল শিলাবৃষ্টি। শিলাবৃষ্টিতে একজন এবং ঘর চাপা পড়ে অন্য আরেকজনের আহত হওয়ার খবর পাওয়া গেছে।

*********************

স্বাস্থ্য সচেতনতা শুধুমাত্র প্রবীণদের জন্য নয়, তরুণদের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ। তরুণ প্রজন্মের কাছে স্বাস্থ্য সচেতনতার এই বার্তা পৌঁছে দিতে, আকাশবাণী কলকাতার উদ্যোগে জ্ঞানমঞ্চে গতকাল এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
Broadcasting Infrastructure and Network Development (BIND) কর্মসূচির আওতায় "ইয়ুথ ফর হেলথ- তারুণ্যের স্পন্দন" শিরোনামের এই অনুষ্ঠানে ছিল বিতর্ক, কুইজ, যোগাসন প্রদর্শন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন আকাশবাণী কলকাতার অফিস প্রধান হর্ষলতা রাবাড়া এবং প্রোগ্রাম বিভাগের প্রধান ডক্টর মৌসুমী চ্যাটার্জী। আয়োজনের দায়িত্বে থাকা আকাশবাণীর প্রোগ্রাম এক্সিকিউটিভ তনয়া বিশ্বাস জানান, এই অনুষ্ঠান তরুণ প্রজন্মকে স্বাস্থ্যের দিকে নজর দেওয়ার গুরুত্ব বোঝানোর পাশাপাশি তাদের আরও বেশি স্বাস্থ্য সচেতন হতে উদ্বুদ্ধ করবে।

*********************

মহামেডান স্পোর্টিং আজ ISL ফুটবলে জামশেদপুর এফসির মুখোমুখি হবে।

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

দুই দলই ২০ টি করে ম্যাচ খেলেছে। জামশেদপুর ৩৪ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় তৃতীয় স্থানে, মহামেডান ১১ পয়েন্ট নিয়ে ১৩ দলের লিগে সবশেষে রয়েছে।

*****************************************************************